

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৪

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ১৫. মৃত্যুর পর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে আল্লাহর সম্মান দেওয়া প্রসঙ্গে।

باب ما أكرم الله تعالى نبيه صلى الله عليه وسلم بعد موته

আরবী

أَخْبَرَنَا مَرْوَانُ بْنُ مُحَمَّدٍ، عَنْ سَعِيدِ بْنِ عَبْدِ الْعَزِيزِ، قَالَ: لَمَّا كَانَ أَيَّامُ الْحَرَّةِ لَمْ يُوَذَّنْ فِي مَسْجِدِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ ثَلَاثًا، وَلَمْ يُقَمْ، وَلَمْ يَبْرَحْ سَعِيدُ بْنُ الْمُسَيِّبِ الْمَسْجِدِ، وَكَانَ لَا يَعْرِفُ وَقْتَ الصَّلَاةِ إِلَّا بِهَمْهَمَةٍ يَسْمَعُهَا مِنْ قَبْرِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَذَكَرَ مَعْنَاهُ

বাংলা

৯৪. সাঈদ ইবনু আব্দুল আযীয় হতে বর্ণিত, তিনি বলেন, 'আইয়ামুল হাররাহ' বা তীব্র অন্ধকারের দিনগুলিতে (৬৩ হিজরীতে ইয়াযীদের সময়কার মশহুর কস্টকর শাস্তির দিনগুলি) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর মসজিদে তিন দিন পর্যন্ত আযান ও জামা'আতে সালাত অনুষ্ঠিত হয়নি। সে সময় সাঈদ ইবনুল মুসাইয়্যেব রাহিমাহুল্লাহ মসজিদেই আটকা পড়েছিলেন। কিন্তু (গাড় অন্ধকারের কারণে) সালাতের ওয়াক্ত নির্ধারণ করতে পারতেন না, তবে (সালাতের ওয়াক্ত হলে) তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর কবর হতে গুণগুণ শব্দ শুনতে পেতেন। পরে তিনি আমাদের নিকট এ অর্থের হাদীস বর্ণনা করেছেন।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদের রাবীগণ বিশ্বস্ত। তবে, সাঈদ ইবনু আব্দুল আযীয় এত বেশী অল্প বয় ছিল যে, তিনি এ হাদীস কিংবা অন্য কিছু সাঈদ ইবনুল মুসাইয়্যেব থেকে শোনেননি । {শাইখ আলবানী বলেছেন: এর সনদ যয়ীফ; এ সনদে এমন রাবী রয়েছেন যিনি (হাদীস বর্ণনার সময় ভুল-সঠিক মিশিয়ে) তালগোল পাকিয়ে ফেলতেন।" (মিশকাতের তাহকীক, নং ৫৯৫১) - অনুবাদক ।}



তাখরীজ: (মুহাক্বিক্ব-এর কোন তাখরীজ করেন নি।)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন